

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-৮ (ভোকেশনাল-৩)  
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।  
[www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)

## নোটিশ


স্মারক নং-৩৭.০৩.০০০০.০৯২.৩১.০১৭.১৩- ৩৩৬

তারিখ : ১৯/০৪/২০১৭খ্রিঃ

বিষয় : বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের এম.পি.ও সংক্রান্ত (এম.পি.ও ভুক্তি/উচ্চতর স্কেল/ডিজি প্রতিনিধি/ সংশোধনী/পদত্যাগ/অবসর/বহিষ্কার/মৃত্যু জনিত) আবেদন জমাকরণ প্রসঙ্গে।

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তর সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে এম.পি.ও সংক্রান্ত বিষয়ে(এম.পি.ও ভুক্তি/ উচ্চতর স্কেল/ডিজি প্রতিনিধি/ সংশোধনী/পদত্যাগ/অবসর/বহিষ্কার/মৃত্যু জনিত) যথাযথভাবে সেবা প্রদান করছে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, প্রতিষ্ঠান প্রধান বা তাঁর মনোনীত প্রতিনিধি বা সংশ্লিষ্ট ব্যক্তি ব্যতীত অন্য ব্যক্তি এম.পি.ও সংক্রান্ত কাগজপত্রাদি জমা করণ বা হালনাগাদ তথ্য সংগ্রহ বা তদবির করতে আসেন। এতে এম.পি.ও সংক্রান্ত সেবা প্রদানে ব্যাঘাত ও কাজে জটিলতা সৃষ্টি হচ্ছে। যথাযথভাবে সেবা গ্রহণ করার জন্য প্রতিষ্ঠান প্রধান বা তাঁর মনোনীত প্রতিনিধি বা সংশ্লিষ্ট ব্যক্তির মাধ্যমে এম.পি.ও সংক্রান্ত কাগজপত্রাদি জমা করণ বা হাল নাগাদ তথ্য সংগ্রহ করার জন্য অনুরোধ করা হল।

উল্লেখ্য যে, অত্র দপ্তর থেকে এম.পি.ও সংক্রান্ত বিষয় প্রতি মাসে ওয়েব সাইটে ([www.techedu.gov.bd](http://www.techedu.gov.bd)) হালনাগাদ তথ্যাদি নোটিশের মাধ্যমে প্রকাশ করা হয়।

  
(ড. মোঃ নূরুল ইসলাম)  
পরিচালক (ভোকেশনাল)

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি :

- ১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। পিএ টু মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।